ভোরের কাগজ

তারিখ ... JUL 1 0 1998 ...
পৃষ্ঠা 2 কলাম 8

### হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ

# ছাত্র-পুলিশ সংঘর্ষ, ভাঙচুর আহত ২০, আটক ৭

**দিনাজপুর প্রতিনিধি :** হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজে ছাত্র-পুলিশ সংঘর্ষে পুলিশসহ ২০ জন আহত ও ব্যাপক ভাঙচুরের ঘটনা ঘটেছে। পুলিশ এ সময় রাবার বুলেট ও টিয়ার শেল ছুড়েছে এবং সাত ছাত্রকে আটক করা হয়েছে।

গত ৪ জুলাই সকালে হাজী দানেশ কৃষি কলেজের ছাত্ররা তাদের সনদপত্রে কলেজ শব্দের স্থানে বিশ্ববিদ্যালয় লেখার দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশকালে পুলিশ লাঠিচার্জ করলে উভয় পক্ষের মধ্যে প্রায় তিন ঘন্টা ধরে সংঘর্ষ চলে। এ সময় পুলিশ মারমুখো ছাত্রদের ছত্রভঙ্গ করতে ১ রাউণ্ড রাবার বুলেট ও ৩৪ রাউন্ড টিয়ার শেল বর্ষণ করে। সংঘর্ষকালে উত্তেজিত ছাত্ররা কলেজের প্রশাসনিক ও একাডেমিক ভবন, শিক্ষকদের ক্লাব, অতিথি ভবন, ডরমেটরি এবং শিক্ষকদের বাসভবনে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে প্রায় ১০ লক্ষাধিক টাকার সম্পদ বিনষ্ট করে।

কলেজ কর্তৃপক্ষ শিক্ষক পরিষদের এক জরুরি সভায় মিলিত হয়ে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং সকলকে হোস্টেল ত্যাগের নির্দেশ দেন। তবে ১ম বর্ষের পরীক্ষা যথারীতি চলবে এবং এ সময় ১ম বর্ষের পরীক্ষার্থীরা হোস্টেলে অবস্থান করবে।

সংঘর্ষে এসআই মেহেদী হাসানসহ পাঁচ জন পুলিশ এবং ১৫ জন ছাত্র আহত হয়। ১ম বর্ষের ছাত্র আব্দুল্লাহ আল মামুন গুরুতরভাবে আহত হয়েছে। পুলিশ ক্যাম্পাস থেকে সাত জনকে আটক করে জেলহাজতে প্রেরণ করেছে। আটক ছাত্ররা হলেন লুৎফর রহমান, মঞ্জুরুল হক সমুন, দ্বিজেন্দ্র নাথ বর্মন, বোরহানউদ্দিন নিলয়, এএসএম শাহীন, নজরুল ইসলাম খন্দকার ও আশিক মাহমুদ।

জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করেন। কলেজের পক্ষ থেকে কোতয়ালি থানায় মামলা দায়ের করা হয়েছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।